



স্মারক নং- ২৭৫২

এ,

তারিখঃ ১০ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক কঠোরভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে জরুরী জামিন শুনানীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ০৫ মে, ২০২০ তারিখ পর্যন্ত সকল আদালতে ছুটি ঘোষণা করা হয়েছে।

২। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশের প্রত্যেক জেলার জেলা ও দায়রা জজ-কে এবং মহানগর এলাকার মহানগর দায়রা জজ-কে ছুটিকালীন সময়ে তাঁর সুবিধামতো প্রতি সপ্তাহে যে কোন ০২(দুই) দিন কঠোরভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে জরুরী জামিন শুনানীর নিমিত্ত সীমিত আকারে আদালতের কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট নিজে অথবা তাঁর নিয়ন্ত্রনাধীন এক বা একাধিক ম্যাজিস্ট্রেট দ্বারা ছুটিকালীন সময়ে তাঁর/তাঁদের সুবিধামতো প্রতি সপ্তাহে যে কোন ০২(দুই) দিন কঠোরভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে জরুরী জামিন শুনানীর (কারাগারে থাকা আসামীর আবেদনসহ) নিমিত্ত সীমিত আকারে আদালতের কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণের জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে নির্দেশ প্রদান করা হলো।

৪। বাংলাদেশ সুপ্রীম কোর্টের স্মারক নং-২৭৫০ এ, তারিখ-১১/৪/২০২০-এর ধারাবাহিকতায় পুনরায় উল্লেখ করা হচ্ছে যে, যে সকল ফৌজদারী মামলায় আসামীকে নির্দিষ্ট সময় পর্যন্ত জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় উচ্চ আদালত হতে অধস্তন আদালতে নির্দিষ্ট সময়ের মধ্যে আত্মসমর্পনের শর্তে জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ-এর আদেশ প্রদান করা হয়েছে সে সকল মামলার আদেশের কার্যকারিতা আদালত নিয়মিতভাবে খোলার তারিখ হতে ০২(দুই) সপ্তাহ পর্যন্ত বর্ধিত হয়েছে মর্মে গণ্য হবে। সাধারণ ছুটিকালীন সময়ে উক্ত মামলা সমূহের বিষয়ে কোন আবেদন শুনানীর জন্য গ্রহণ করা হবে না।


৫। একটি মামলার জামিন শুনানীতে কেবলমাত্র একজন বিজ্ঞ আইনজীবী অংশগ্রহণ করবেন। আদালত প্রাপ্তনে এবং এজলাস কক্ষে সামাজিক দূরত্বের নিয়মকানুন কঠোরভাবে অনুসরণ করা না হলে আদালতের কার্যক্রম স্থগিত করতে হবে।

৬। আদালত প্রাপ্তনে এবং এজলাস কক্ষে সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে স্ব স্ব আইনজীবী সমিতির বিজ্ঞ সভাপতি, বিজ্ঞ সাধারণ সম্পাদক এবং কার্যকরী কমিটির বিজ্ঞ সদস্যদের সাথে আলোচনাক্রমে জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৭। জামিন শুনানীকালে কারাগারে থাকা আসামীদের কারাগার হতে প্রিজন্ড্যান বা অন্য কোন ভাবে আদালত প্রাপ্তনে ও এজলাস কক্ষে হাজির না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৮। এই আদেশ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে


26.08.2020
(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইল: rg@supremecourt.gov.bd

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৫. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, (সকল)
৬. প্রধান বিচারপতির সচিব/ একান্ত সচিব বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।